গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
রাবার বিভাগ, চট্টগ্রাম জোন
এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম-৪২১২।
ফোন নং-০২-৪১৩৮৮২২৬, Website : www.rdctg.bfidc.gov.bd
E-mail No : rdctg@bfidc.gov.bd & **bfidcrubberctg@gmail.com**

রাবার কাঠ শক্ত, টেকইসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

বিষয় : বিএফআইডিসি, রাবার বিভাগ, জোন দপ্তর, চট্টগ্রামে অনুষ্ঠিত চট্টগ্রাম জোনের আগস্ট/২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এ.এ.এম শাহজাহান সরকার, মহাব্যবস্থাপক (চ. দা.), বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম।
তারিখ : ০৬/০৮/২০২৬ খ্রি.
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	গত ১৩/০৪/২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।	গত ১৩/০৪/২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা হয়।	গত ১৩/০৪/২০২৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হ'ল।	১। প্রশাসন শাখা, রাবার বিভাগ, চট্টগ্রাম। ২। সকল বাগান প্রধান
২	বাগান ভিত্তিক উৎপাদন এবং উৎপাদন সংশ্লিষ্ট বিষয় সংক্রান্ত	জোন দপ্তরের উৎপাদন ইনচার্জ জনাব মোঃ আজিজ উদ্দিন রায়হান, সহকারী প্রকৌশলী সভায় ০৯টি রাবার বাগানের জুলাই/২০২৬ মাসের উৎপাদন বিবরণী উপস্থাপন করেন। উক্ত বিবরণী হতে দেখা যায় যে, চট্টগ্রাম জোনের জুলাই/২০২৬ মাসে উৎপাদন ৮৪.৯৬%, যার বাগান ভিত্তিক বিবরণ নিম্নরূপ :	১। ২০২৬-২৭ অর্থবছরে চট্টগ্রাম জোনের ০৯টি রাবার বাগানের উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। ২। মাসিক/বাৎসরিক লক্ষ্যমাত্রা ও ব্যয়ের উপর ভিত্তি করে উৎপাদন অর্জন নিশ্চিত করতে হবে। ৩। নিয়মিত টিএস ও টেপারগণের মধ্যে যারা কাজে অনুপযুক্ত তাদের বিরুদ্ধে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪। হলদিয়া, ডাবুয়া ও রামু রাবার বাগান লক্ষ্যমাত্রার তুলনায় ৮০% এর কম উৎপাদন অর্জনের যৌক্তিক ব্যাখ্যা আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে মহাব্যবস্থাপক, রাবার বিভাগ, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করবেন।	১। সকল বাগান প্রধান ২। সকল বাগান প্রধান ও ব্যবস্থাপক (হিসাব), জোন দপ্তর, চট্টগ্রাম। ৩। সকল বাগান প্রধান ৪। বাগান প্রধান, হলদিয়া, ডাবুয়া ও রামু, চট্টগ্রাম/ কক্সবাজার।

বাগানের নাম	২০২৬-২৭ সন (জুলাই/২৬) (মে. টন)		
	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের শতকরা হার
দাঁতমারা	৩৮.৩০	৩৩.৮৭৩	৮৮.৪৪%
তারাখোঁ	১৭.০০	১৩.৬৪৭	৮০.২৮%
কাঞ্চননগর	৮.৫০	৮.৯৫৮	১০৫.৩৯%
রাঙ্গামাটিয়া	৬.৮০	৬.৫৫৪	৯৬.৩৮%
হলদিয়া	১৫.৫০	১০.৭০৪	৬৯.০৬%
ডাবুয়া	১৮.০০	১২.৬৩	৭০.১৭%
রাউজান	৮.৪৫০	১০.৯৭৪	১২৯.৮৭%
রাউজান-রাঙ্গুনিয়া	৪.২০	৪.৩৯২	১০৪.৫৭%
রামু	৪.৩০	১.১১	২৫.৮১%
সর্বমোট :	১২১.০৫০	১০২.৮৪২	৮৪.৯৬%

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		তিনি সভাকে আরও অবহিত করেন যে, ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই/২০২৫ মাসে ৬৯.১৪%, আগস্ট/২০২৫ মাসে ৮৯.৫০%, সেপ্টেম্বর/২০২৫ মাসে ৯৭.৬০%, অক্টোবর/২০২৫ মাসে ৯৯.৫৪%, নভেম্বর/২০২৫ মাসে ৯৭.২৫%, ডিসেম্বর/২০২৫ মাসে ১১৪.১৩%, জানুয়ারি/২০২৬ মাসে ১০৫.২৩%, ফেব্রুয়ারি/২০২৬ মাসে ১০২.৭% ও মার্চ/২০২৬ মাসে ৯৬.১৭%, এপ্রিল/২০২৬ মাসে ৯৯.৫৫%, মে/২০২৬ মাসে ৯৯.৫১% ও জুন/২০২৬ মাসে ১০০.৭৩% উৎপাদন অর্জিত হয়েছে। সভায় জুলাই/২৪ হতে জুন/২৫ এবং জুলাই/২০২৫ হতে জুন/২০২৬ মাসের ক্রমপুঞ্জিভূত উৎপাদনের চিত্র উপস্থাপন করা হয়। ক্রমপুঞ্জিভূত উৎপাদন প্রতিবেদন অনুযায়ী গত অর্থবছরে তুলনায় এ অর্থবছরে উৎপাদন লক্ষ্যমাত্রার তুলনায় ২০.৬০১ মে. টন উৎপাদন বেশী হয়েছে। এতে মহোদয় সার্বিক উৎপাদন বিষয়ে সন্তোষ প্রকাশ ও সংশ্লিষ্ট বাগান ব্যবস্থাপকগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বাগানস মূহের ২০২৬-২৭ অর্থবছরে সদর দপ্তর কর্তৃক প্রস্তাবিত (চুড়ান্ত না করা পর্যন্ত) উৎপাদন লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সর্বোচ্চ আন্তরিকতা সহকারে সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বাগান ব্যবস্থাপকগণের প্রতি নির্দেশনা প্রদান করেন।	৫। বাগানের মাসিক উৎপাদন রেজিস্ট্রারে লিপিবদ্ধ এবং হালনাগাদ রাখতে হবে। ৬। মাস ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা/অর্জন অনুযায়ী গ্র্যাচুইটি, ওভারহেড ও অবচয় বন্টন নিশ্চিত করতে হবে। ৭। কোয়াগুলেটিং ট্যাংক ও ল্যাটেক্স ভ্যানে ছাকুনী ব্যবহার নিশ্চিত করতে হবে। পরিদর্শনকালীন ছাকুনী পাওয়া না গেলে এবং সীটের মধ্যে ফরেন ফার্টিকেল পাওয়া গেলে সংশ্লিষ্ট টিএস, এএফএস ও ট্রাক্টর ড্রাইভার এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে বাগান ব্যবস্থাপক সর্তক দৃষ্টি রাখবেন।	৫। সকল বাগান প্রধান ও উৎপাদন ইনচার্জ, জোন দপ্তর, চট্টগ্রাম। ৬। বাগান প্রধান (সকল) ও ব্যবস্থাপক(হিসাব), জোন দপ্তর, চট্টগ্রাম। ৭। সকল বাগান প্রধান
৩	স্ট্যান্ডার্ড ডিআরসি ২৫% বজায় রাখা।	১। জুলাই/২০২৬ মাসে অত্র জোনের দাঁতমারা ২৫%, তারাখোঁ ২০.৮০%, কাঞ্চননগর ২৩%, রাঙ্গামাটিয়া ২৫%, হলদিয়া ২৪%, ডাবুয়া ২৫%, রাউজান ২৪%, রাউজান-রাঙ্গুনিয়া ২৫% এবং রামু ১৯% ডিআরসি অর্জিত হয়েছে। দাঁতমারা, রাঙ্গামাটিয়া, ডাবুয়া ও রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান ব্যতিত অন্য সকল বাগানে ডিআরসি'র পরিমাণ স্ট্যান্ডার্ড ২৫% এর নীচে লক্ষ্য করা গেছে। এতে টেপিং সুপারভাইজারদের গাফেলতির কারণে স্ট্যান্ডার্ড ডিআরসি পাওয়া যাচ্ছে না। তাই স্ট্যান্ডার্ড ডিআরসি বজায় রাখার জন্য মাঠ পর্যায়ে তদারকি জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়।	১। স্ট্যান্ডার্ড ডিআরসি ২৫% এর নীচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। যে সব টেপিং সুপারভাইজারদের এলাকায় স্ট্যান্ডার্ড ডিআরসি ২৫% এর নীচে হবে তাদের বিরুদ্ধে শ্রম আইন-২০০৬ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ীব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। ২। জুলাই/২০২৬ মাসে সর্বনিম্ন ডিআরসি তারাখোঁ ২০.৮০%, কাঞ্চননগর ২৩% এবং রামু ১৯% হওয়ায় ব্যবস্থাপকগণের নিকট সন্তোষজনক জবাব চেয়ে পত্র প্রেরণ করতে হবে।	১। সকল বাগান প্রধান ও উৎপাদন ইনচার্জ, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম। ২। ব্যবস্থাপক, তারাখোঁ, কাঞ্চননগর ও রামু রাবার বাগান

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		২। আলোচনায় বাগান প্রধানগণ স্ট্যান্ডার্ড ডিআরসি ২৫% বজায় রেখে কম/বেশী ডিআরসি অনুযায়ী শ্রমিকদের মজুরী বিল পরিশোধের বিষয়ে আলোচনা করেন। ডিআরসি অনুযায়ী শ্রমিকদের মজুরী বিল পরিশোধ করা হলে কষে পানি মিশ্রণের প্রবণতা হ্রাস পাবে এবং উৎপাদন বৃদ্ধি পাবে। (ব্যাখ্যা : কোন শ্রমিক স্ট্যান্ডার্ড ২৫% ডিআরসি দিলে সে পিক পিরিয়ডে কষের মূল্য বাবদ ১০/- টাকা এবং লীন পিরিয়ডে ১৭/- টাকা পাবে। এক্ষেত্রে ডিআরসি ২৫% এর নীচে দিলে ১০/১৭ টাকা ডিআরসি অনুযায়ী কমানো হয়। কিন্তু ডিআরসি ২৫% এর বেশী হলে সে হারে বিল পরিশোধ করা হয় না)। বিগত সমন্বয় সভার সিদ্ধান্তে স্ট্যান্ডার্ড ডিআরসি ২৫% বজায় রেখে সর্বোচ্চ কত % ডিআরসি হিসাব করে শ্রমিকদের বিল পরিশোধ করা যায় সে বিষয়ে মতামত প্রদানের জন্য গঠিত কমিটিকে দ্রুত প্রতিবেদন দাখিল করার নির্দেশনা ছিল। কিন্তু এ বিষয়ে কমিটি অফিস আদেশ জারী না করায় কমিটি এ সংক্রান্ত প্রতিবেদন পেশ করতে পারছে না। এক্ষেত্রে চট্টগ্রাম জোনের ০৯টি রাবার বাগানের বাগান প্রধানগণ এ বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য নতুনভাবে কমিটি গঠনের প্রস্তাব করা হয়। ৩। বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রামের স্মারক নং : ২২.০৩.১৫১৬.০০০.১৫১.১৮. ০০০৪.২৫.২৯৫, তারিখ : ১২/০৫/২০২৬ খ্রি. মূলে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটিকে ০১ মাসের মধ্যে সুপারিশসহ স্বয়ং সম্পূর্ণ প্রতিবেদন দাখিলের অনুরোধ করা হয়েছিল। কমিটির অদ্যাবধি প্রতিবেদন দাখিল করেন নি।	আগামী ০১ (এক) মাসের মধ্যে গঠিত কমিটিকে প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় অনুরোধ করা হলো।কমিটি'র আহবায়ক বরাবর পত্র প্রেরণের ব্যবস্থা নিতে হবে।	গঠিত কমিটি ও উৎপাদন ইনচার্জ, জোন দপ্তর, চট্টগ্রাম।
৪	টেপিং সুপারভাইজার ও টেপার উপস্থিতি	সভায় বাগান সমূহে টেপিং সুপারভাইজার ও টেপার উপস্থিতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় নিয়মিত/চুক্তিভিত্তিক/পিছরেইট টেপারের হাজিরা সংশ্লিষ্ট টিএস ও এএফএস সকাল ৬-০ ঘটিকার মধ্যে বাগান ব্যবস্থাপককে নিশ্চিত করবেন। এক্ষেত্রে দাঁতমারা ও তারাখোঁ রাবার বাগানের ব্লক সমূহ প্রত্যন্ত অঞ্চল এবং মোবাইল নেটওয়ার্ক না থাকায় যোগাযোগের সমস্যার কারণে তাঁরা সকাল৮-০ ঘটিকার মধ্যে WhatsApp গ্রুপে তথ্য ইনপুট দেয়ার বিষয়ে	১। দাঁতমারা ও তারাখোঁ রাবার বাগান ব্যতিত অন্যান্য বাগান ব্যবস্থাপকগণ সকাল ৬-০ ঘটিকার মধ্যে মোট টেপার হাজিরা অত্র জোনের WhatsApp গ্রুপে ইনপুট দিবেন। এক্ষেত্রে দাঁতমারা ও তারাখোঁ রাবার বাগান সকাল ৮-০ ঘটিকার মধ্যে টেপার হাজিরা WhatsApp গ্রুপে ইনপুট নিশ্চিত করবেন।	১। সকল বাগান প্রধান

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		আলোচনা করেন। বাগান ব্যবস্থাপকগণ দৈনিক একটি টেপিং এলাকার হাজিরা খাতা ও উপস্থিতি যাচাই করবেন। যে সব শ্রমিক বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকে এবং উৎপাদন কাজে গাফেলতি করে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া যাবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	২। ০৯টি রাবার বাগানের উৎপাদন, টেপার হাজিরা ও টেপিং সংক্রান্ত কাজ সার্বক্ষনিক মনিটরিং, সুপারভিশন আরো জোরদারসহ সার্বিক সহযোগিতাকল্পে মহাব্যবস্থাপক (রাবার), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে। ৩। সুবহ-সাদিকের পূর্বে টেপারদের টেপিং কাজে নিয়োজিত করতে হবে। ৪। কষ ড্রপিং এর উপর বাগান ভিত্তিক কষ উত্তোলনের সময় নির্ধারণ করে দিতে হবে। ৫। ব্যবস্থাপক, হলদিয়া, তারাখোঁ ও রামু রাবার বাগান, চট্টগ্রাম/কক্সবাজার দৈনিক প্রয়োজনীয় সংখ্যক টেপার উপস্থিতির জন্য ডোর টু ডোর যেয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৬। টেপার ভিত্তিক নির্ধারিত গাছ এর টেপিং অবশ্যই নিশ্চিত করতে হবে। এ বিষয়ে কোন গাফেলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট টিএস এবং টেপারের বিরুদ্ধে ২৭৩তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭। জোন প্রধান বাগান পরিদর্শন ও WhatsApp গ্রুপে ১ হতে ৬নং সিদ্ধান্তের বিষয়ে কোন গড়মিল/গাফেলতি পরিলক্ষিত করলে এ বিষয়ে বাগান ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ করবেন। ৮। যে সকল টেপার দীর্ঘদিন যাবত কর্মস্থলে অনুপস্থিত তাদের বিরুদ্ধে বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী বিধিমত তড়িৎ ব্যবস্থা নিতে হবে।	২। সকল বাগান প্রধান ৩। -ঐ- ৪। -ঐ- ৫। ব্যবস্থাপক, হলদিয়া,তারাখোঁ ও রামু, চট্টগ্রাম/ কক্সবাজার। ৬। সকল বাগান প্রধান ৭। সকল বাগান প্রধান ৮। -ঐ-

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>৯। যে সকল টিএস দায়িত্ব ও কর্তব্য কাজে অবহেলা করবে তাদের বিরুদ্ধে বাংলাদেশ শ্রম আইন ২৬ ধারা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>৯। সকল বাগান প্রধান</td></tr>
<tr><td>৫</td><td>বিএফআইডিসি এর অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন, ১০ বছর মেয়াদী সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (২০২৩-২৪ হতে ২০৩২-৩৩) এবং দ্বি-বার্ষিক কর্মপরিকল্পনা সংক্রান্ত</td><td>বিএফআইডিসি এর অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন, পুনঃবাগান সৃজন, ১০ বছর মেয়াদী সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (২০২৩-২৪ হতে ২০৩২-৩৩) এর সাথে সমন্বয় করে প্রকল্প/দ্বি-বার্ষিক কর্মসূচি অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরে ১৮.০ একর নার্সারী সৃজন করা হয়েছে। প্রকল্প কর্তৃক/ প্রকল্পের সাথে সমন্বয় করে ২০২৫-২৬ অর্থবছরে ৪৮,০০৮টি অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন করা হয়েছে। এছাড়া, প্রকল্প/দ্বি-বার্ষিক কর্মসূচির অধীনে ২০২৫-২৬ অর্থবছরে ৬১৫.০ একর পুনর্বাসন বাগান সৃজনের লক্ষ্যমাত্রা থাকলেও সিলেট জোন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ব্যর্থ হওয়ায় প্রকল্প বাস্তবায়নের স্বার্থে অতিরিক্ত ১০০.০ একর পুনর্বাসন বাগান সৃজনের জন্য সংশোধিত লক্ষ্যমাত্রা ৭১৫.০ একর নির্ধারণ করা হয়। কিন্তু বাস্তবে ৭১৫.০ একরের স্থলে ৭৪৬.০ একর নতুন/পুনর্বাসন বাগান সৃজন করা হয়েছে।</td><td>নতুন/পুনর্বাসন বাগান সৃজনে লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জন করায় সংশ্লিষ্টদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>সহ-ব্যবস্থাপক (প্রশাসন)</td></tr>
<tr><td>৬</td><td>প্রকল্প সংক্রান্ত</td><td>সভায় বাগান প্রধানগণ, হিসাব প্রধান (জোন দপ্তর) ও উৎপাদন ইনচার্জ জানান যে, প্রকল্পের অধীন কিংবা দ্বি-বার্ষিক কর্মসূচির অধীন ২০২৫-২৬ সনে নার্সারী/পুনর্বাসন বাগান সৃজন সংক্রান্ত কোন প্রশাসনিক আদেশ না পাওয়ায় পরবর্তীতে জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে কোন অগ্রগতি আছে কিনা তা সভায় আলোচনা হয়।

২। ০৯টি রাবার বাগানের উপ-ব্যবস্থাপক/ ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপকগণের আলোচনার আলোকে প্রকল্প/দ্বি-বার্ষিক কাজের স্বার্থে ২০২৫-২৬ অর্থবছরে নিম্নরূপ পুনর্বাসন বাগান সৃজন করা হয়েছে।
<table>
<tr><th rowspan="2">ক্রমিক</th><th rowspan="2">বাগানের নাম</th><th colspan="3">পুনর্বাসন বাগান সৃজন (একর)</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>সংশোধিত লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th></tr>
<tr><td>১.</td><td>দাঁতমারা</td><td>১০০.০</td><td>১২০.০</td><td>১৩৫.০</td></tr>
<tr><td>২.</td><td>তারাখোঁ</td><td>১২০.০</td><td>১২৫.০</td><td>১২৫.০</td></tr>
<tr><td>৩.</td><td>কাঞ্চননগর</td><td>-</td><td>৭.০</td><td>৭.০</td></tr>
<tr><td>৪.</td><td>রাঙ্গামাটিয়া</td><td>১০০.০</td><td>১১০.০</td><td>১১০.০</td></tr>
<tr><td>৫.</td><td>হলদিয়া</td><td>৮৫.০</td><td>৯০.০</td><td>১০৬.০</td></tr>
<tr><td>৬.</td><td>ডাবুয়া</td><td>৬০.০</td><td>৮০.০</td><td>৮০.০</td></tr>
<tr><td>৭.</td><td>রাউজান</td><td>৭৫.০</td><td>৭৮.০</td><td>৭৮.০</td></tr>
<tr><td>৮.</td><td>রাউজান-রাঙ্গুনিয়া</td><td>-</td><td>২০.০</td><td>২০.০</td></tr>
<tr><td>৯.</td><td>রামু</td><td>৭৫.০</td><td>৮৫.০</td><td>৮৫.০</td></tr>
<tr><td></td><td>মোট :</td><td>৬১৫.০</td><td>৭১৫.০</td><td>৭৪৬.০</td></tr>
</table></td><td>এ সংক্রান্ত বিষয়ে অত্র জোন দপ্তরের স্মারক নং-২২.০৩.১৫১৬.০০০.১৫১.৯৯.০০০৬.২৫.৪৪৩, তারিখ : ৩০/০৭/ ২০২৬ ও খ্রি. এবং স্মারক নং : ২২.০৩.১৫১৬.০০০.১৫১.০০.০০০১.২৫.৪৫০, তারিখ : ০৪/০৮/২০২৬ খ্রি. দ্বারা সদর দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>সকল বাগান প্রধান</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>৭</td><td>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন (বৃক্ষ রোপন)</td><td>সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে নির্বাচনী ইশতেহারে ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপনের কর্মপরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রামে ২০২৬-২৭ অর্থ বছরে ০৯টি রাবার বাগানে ৭৪৬.০ একর পুনর্বাসন বাগান সৃজনের লক্ষ্যে ১,৬৭,৮৫০ টি রাবার চারা রোপন করা হয়েছে। আগামী অর্থবছরসমূহ নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।</td><td>বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোনের অধীন ৫ বছরে ৬,৭৪,০০০ টি রাবার চারা রোপনের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করা হয়েছে। আগামী বছরসমূহে এ ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>সকল বাগান প্রধান</td></tr>
<tr><td>৮</td><td>লক্ষ্যমাত্রা নির্ধারণ (২০২৬-২৭ ও ২০২৭-২৮)</td><td>সভায় ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের উৎপাদন লক্ষ্যমাত্রার বিষয়ে আলোচনা হয়। আলোচনায় বাগান ব্যবস্থাপকগণ বিশেষজ্ঞ ফর্মুলা অনুযায়ী নিম্নরূপভাবে উৎপাদন লক্ষ্যমাত্রা প্রেরণ করেন :
<table>
<tr><th rowspan="2">ক্রমিক</th><th rowspan="2">বাগানের নাম</th><th colspan="3">২০২৬-২৭ অর্থবছরের উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)</th></tr>
<tr><th>আরএসএস</th><th>টিসি</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>দাঁতমারা</td><td>৬৩৫</td><td>৩৩</td><td>৬৬৮</td></tr>
<tr><td>২</td><td>তারাখোঁ</td><td>২৮৫</td><td>১৫</td><td>৩০০</td></tr>
<tr><td>৩</td><td>কাঞ্চননগর</td><td>১৯২</td><td>৯.৫</td><td>২০১.৫</td></tr>
<tr><td>৪</td><td>রাঙ্গামাটিয়া</td><td>১২৭</td><td>৬</td><td>১৩৩</td></tr>
<tr><td>৫</td><td>হলদিয়া</td><td>৩৮৮.১১</td><td>২০.৪২</td><td>৪০৮.৫৪</td></tr>
<tr><td>৬</td><td>ডাবুয়া</td><td>৩৪৬.৩৮</td><td>১৮.২৩</td><td>৩৬৪.৬১</td></tr>
<tr><td>৭</td><td>রাউজান</td><td>২২৩</td><td>১০</td><td>২৩৩</td></tr>
<tr><td>৮</td><td>রাউজান-রাঙ্গুনিয়া</td><td>১১৫</td><td>০৫</td><td>১২০</td></tr>
<tr><td>৯</td><td>রামু</td><td>১৯১</td><td>০৯</td><td>২০০</td></tr>
<tr><td></td><td>মোট :</td><td>২৫০২.৪৯</td><td>১২৬.১৬</td><td>২৬২৮.৬৫</td></tr>
</table></td><td>বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা হতে ধার্যকৃত লক্ষ্যমাত্রা কার্যকর না করা পর্যন্ত ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী মাসিক লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। এক্ষেত্রে সদর দপ্তর, ঢাকার স্মারক নং-২২.০৩.০০০০.০০০.১১১.৩৭.০০০১.২২.৩০৫, তারিখ : ০১/১২/২০২৫ মূলে প্রস্তাবিত লক্ষ্যমাত্রা।
<table>
<tr><th rowspan="2">ক্রমিক</th><th rowspan="2">বাগানের নাম</th><th colspan="3">২০২৬-২৭ অর্থবছরের উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)</th></tr>
<tr><th>আরএসএস</th><th>টিসি</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>দাঁতমারা</td><td>৭১৫</td><td>৩৬</td><td>৭৫১</td></tr>
<tr><td>২</td><td>তারাখোঁ</td><td>৩৮০</td><td>২০</td><td>৪০০</td></tr>
<tr><td>৩</td><td>কাঞ্চননগর</td><td>২০৯</td><td>১১</td><td>২২০</td></tr>
<tr><td>৪</td><td>রাঙ্গামাটিয়া</td><td>১৪৬</td><td>৮</td><td>১৫৪</td></tr>
<tr><td>৫</td><td>হলদিয়া</td><td>৩৮৬</td><td>১৯</td><td>৪০৫</td></tr>
<tr><td>৬</td><td>ডাবুয়া</td><td>৩৪৭</td><td>১৮</td><td>৩৬৫</td></tr>
<tr><td>৭</td><td>রাউজান</td><td>২২৩</td><td>১০</td><td>২৩৩</td></tr>
<tr><td>৮</td><td>রাউজান-রাঙ্গুনিয়া</td><td>৯৫</td><td>০৫</td><td>১০০</td></tr>
<tr><td>৯</td><td>রামু</td><td>১৯০</td><td>১০</td><td>২০০</td></tr>
<tr><td></td><td>মোট :</td><td>২৬৯১</td><td>১৩৭</td><td>২৮২৮.০</td></tr>
</table></td><td>সকল বাগান প্রধান ও উৎপাদন ইনচার্জ , রাবার বিভাগ, চট্টগ্রাম।</td></tr>
<tr><td>৯</td><td>রি-টাক্সিং সংক্রান্ত</td><td>চট্টগ্রাম জোনের ০৯টি রাবার বাগানের মধ্যে মাত্র ০৩টি রাবার বাগান হতে রি-টাক্সিং প্রতিবেদন পাওয়া গিয়েছে। এতে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। অবশিষ্ট ০৬টি রাবার বাগান হতে দ্রুত রি-টাক্সিং প্রতিবেদন এ দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় অনুরোধ করা হয়।</td><td>আগামী ২০/০৮/২০২৬ তারিখের মধ্যে রি-টাক্সিং প্রতিবেদন প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>সংশ্লিষ্ট বাগান প্রধান</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১০</td><td>কর্মকর্তা/কর্মচারীদের কার্য বন্টন সংক্রান্ত প্রশাসনিক আদেশ।</td><td>বাগানের সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের দায়িত্ব বন্টনের প্রশাসনিক আদেশ জারীর করার বিষয়টি আলোচনা করা হয়।</td><td>দায়িত্ব বন্টনপূর্বক প্রশাসনিক আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>সকল বাগান প্রধান</td></tr>
<tr><td>১১</td><td>বাজেট ও এপিপি সংক্রান্ত (২০২৬-২৭ ও ২০২৭-২৮)</td><td>জোন দপ্তরের সাথে সমন্বয় করে বাজেট এবং এপিপি প্রস্তুতের বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে একত্রে ০২টি করে বাগানের বাজেট এবং এপিপি প্রস্তুতের বিষয়টি আলোচনা হয়।</td><td>নিম্নোক্তভাবে বাগানের তারিখ নির্ধারণ করা হলো। এক্ষেত্রে অনিবার্য কারণ:বশত কোন সমস্যা হলে পরবর্তীতে সমন্বয় করা হবে।
<table>
<tr><th>ক্রমিক</th><th>বাগানের নাম</th><th>তারিখ</th></tr>
<tr><td>১</td><td>দাঁতমারা</td><td rowspan="2">২০/০৮/২০২৬</td></tr>
<tr><td>২</td><td>তারাখোঁ</td></tr>
<tr><td>৩</td><td>কাঞ্চননগর</td><td rowspan="2">২২/০৮/২০২৬</td></tr>
<tr><td>৪</td><td>রাঙ্গামাটিয়া</td></tr>
<tr><td>৫</td><td>হলদিয়া</td><td>২৯/০৮/২০২৬</td></tr>
<tr><td>৬</td><td>ডাবুয়া</td><td rowspan="2">২৫/০৮/২০২৬</td></tr>
<tr><td>৭</td><td>রাউজান</td></tr>
<tr><td>৮</td><td>রাউজান-রাঙ্গুনিয়া</td><td rowspan="2">৩১/০৮/২০২৬</td></tr>
<tr><td>৯</td><td>রামু</td></tr>
</table></td><td>সকল বাগান প্রধান, হিসাব শাখা প্রধান ও ব্যবস্থাপক (হিসাব), রাবার বিভাগ, চট্টগ্রাম।</td></tr>
<tr><td>১২</td><td>সার্ভাইভ্যাল প্রতিবেদন</td><td>সভায় অবহিত করা হয় যে, ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অধীন অত্র জোনের ০৯টি রাবার বাগানে ৭৪৬.০ একর নতুন/পুনর্বাসন বাগান সৃজনের লক্ষ্যে ৪৩,৮১২টি অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ নিলাম/টেন্ডার/আন্তঃইউনিটে সরবরাহ/ ধূমঘরে ব্যবহারের জন্য কর্তন/অপসারণ করা হয়েছে। এক্ষেত্রে প্রকল্প হতে এ সংক্রান্ত কোন নির্দেশনা/সিদ্ধান্ত না পাওয়ায় জুলাই/২০২৬ মাসে সার্ভাইভ্যাল প্রতিবেদন হতে উক্ত ৪৩,৮১২টি অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ বাদ দেয়া যাচ্ছে না। উক্ত গাছসমূহ বাগানের Asset Schedule এর অন্তর্ভূক্ত। প্রেক্ষিতে এ বিষয়ে সদর দপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>এ দপ্তরের পত্র নং-২২.০৩.১৫১৬.০০০. ১৫১.৯৯.০০০৬.২৫.৪৪৩, তারিখ : ৩০/০৭/২০২৬ মূলে বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকায় পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>সকল বাগান প্রধান</td></tr>
</table>

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩	জিপিএমএস সংক্রান্ত	প্রশাসনিক সংস্কার কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অফিস সমুহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির মানোন্নয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির উদ্দেশ্যে ২০২৫-২৬ অর্থবছরে "সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (জিপিএমএস) কাঠামো প্রবর্তন করা হয়। ২০২৬-২৭ অর্থবছর থেকে মাঠ পর্যায়ের অফিস সমূহ জিপিএমএস বাস্তবায়ন করবে। জিপিএমএস এর আওতায় একটি বাস্তবসম্মত ও লক্ষ্যভিত্তিক ০৩ বছর মেয়াদী চলমান পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত পরিকল্পনার আলোকে অত্র জোন দপ্তর ও বাগানসমূহ জিপিএমএস এর অংশ হিসেবে একটি কৌশলগত প্রতিবেদন দাখিল করবে।	মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য জিপিএমএস এরত চুড়ান্ত সেকশন-১, সেকশন-২ সংযুক্ত করা হলো এবং বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।	১। জিপিএমএস টিম ও ফোকাল পয়েন্ট ২। সকল বাগান প্রধান
১৪	টেন্ডার আহ্বান সংক্রান্ত	জোন দপ্তরসহ ০৯টি রাবার বাগানে ই-জিপি কার্যক্রম চালু রয়েছে এবং প্রত্যেক বাগানই প্রকিউরমেন্ট এনটিটি হিসেবে কাজ করছে। বাগানের সকল প্রকিউরমেন্ট ই-জিপি'র মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে সকল বাগান প্রধান ফরমিক এসিড, টেপিং বাটি ও রাবার বান্ডিলে ব্যবহৃত পলিথিন এর টেন্ডার জোন দপ্তর হতে সম্পন্ন করার বিষয়ে মতামত প্রদান করেন। অন্যান্য প্রকিউরমেন্ট বাগান হতে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	ফরমিক এসিড, টেপিং বাটি ও রাবার বান্ডিলে ব্যবহৃত পলিথিন এর টেন্ডার জোন দপ্তর হতে এবং অন্যান্য প্রকিউরমেন্টসমূহ বাগান হতে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল বাগান প্রধান ও জনাব মোঃ আজিজ উদ্দিন রায়হান, সহকারী প্রকৌশলী ও জনাব মিন্টু দাশ, নিম্ন বিভাগীয় সহকারী (প্রশাসন), রাবার বিভাগ, চট্টগ্রাম।
১৫	প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত	বাগানের উৎপাদন, উন্নয়ন এবং পূর্ত কাজের জন্য বাগানের জনবল/প্রকৌশলী অপ্রতুল থাকায় জোন দপ্তর হতে প্রতিনিধি মনোনয়নের বিষয়ে আলোচনা করা হয়।	বাগানের উৎপাদন, উন্নয়ন এবং পূর্ত কাজের জন্য জোন দপ্তর হতে বিধি মোতাবেক প্রতিনিধি মনোনয়নের সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল বাগান প্রধান ও সহ-ব্যবস্থাপক (প্রশাসন), রাবার বিভাগ, চট্টগ্রাম।
১৬	যানবাহন সংক্রান্ত	বাগানের যানবাহনসমূহ বিশেষ করে পিকআপ, ট্রাক্টর, মোটরসাইকেল প্রভৃতি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় প্রায় সময় নষ্ট/বিকল হয়ে পড়ে। ফলে বাগানের উৎপাদন ও উন্নয়নমূলক কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাই এ বিষয়ে বিধি মোতাবেক বাজেটে অর্থের সংস্থান রেখে মেরামতের বিষয়টি আলোচনা করা হয়।	১। বিধি মোতাবেক বাজেট বরাদ্দের মধ্যে মেরামত কাজ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ২। জোন দপ্তর এবং বাগানের পিকআপসমূহ পরিদর্শন গাড়ী দেখিয়ে মেরামতের টাকা বিধি মোতাবেক বরাদ্দপূর্বক খরচের জন্য ব্যবস্থা নিতে হবে।	সকল বাগান প্রধান ও যানবাহন ইনচার্জ, জোন দপ্তর, চট্টগ্রাম।

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৭	পুনর্বাসন বাগানে সার প্রয়োগ সংক্রান্ত	সকল বাগান প্রধানগণ একমত পোষণ করেন যে, অত্র জোনের ১ম হতে ৬ষ্ঠ বছরের নতুন/পুনর্বাসন বাগানসমূহে বছরে ৩/ ৪ বার সার প্রয়োগ করা হলে তা আগামী ৭ম বছরের মধ্যে উৎপাদনে আসার সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে বিধি মোতাবেক সার প্রয়োগ করা হলে আর্থিক ব্যয়ের তুলনায় আর্থিক আয় অধিক হবে অর্থাৎ উৎপাদন বৃদ্ধি পাবে।	সকল বাগান প্রধান এ বিষয়ে আর্থিক বিশ্লেষণ এবং সারের চাহিদার বিষয়ে (২০২৬-২৭ ও ২০২৭-২৮) পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল বাগান প্রধান
১৮	জায়গা জমি সংক্রান্ত	সভায় জায়গা জমি সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকলে অবহিত করেন যে, গত ১৮ মার্চ ২০২৫ তারিখে বন অধিদপ্তর ও বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর মধ্যে ভুমি লিজ নবায়ন চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রামের নিয়ন্ত্রণাধীন ০৯টি রাবার বাগানের অনুকূলে সর্বমোট ২১,১১৪.৭৮ একর ভূমি আরএস খতিয়ান অনুযায়ী গ্রহণ/হস্তান্তর হয়। কিন্তু বর্তমানে উক্ত জায়গাসমূহে বি.এস খতিয়ান অনুযায়ী সৃজন করা হয়েছে। এক্ষেত্রে স্বাক্ষরিত চুক্তিপত্রে বাগানের জায়গাসমূহ বি.এস খতিয়ান অনুযায়ী উল্লেখ না থাকায় বাগানের জায়গা জমির বিষয়ে দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এক্ষেত্রে বাগান ব্যবস্থাপকগণ সার্ভেয়ার দ্বারা আরএস দাগ হতে সৃজিত বি.এস দাগসমূহ বাগান ভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচিত হয়।	১। আগামী ০২ (দুই) মাসের মধ্যে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বাগান ব্যবস্থাপকগণ পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন। ২। জনাব মোঃ হাছান আজাদ চৌধুরী, উচ্চ বিভাগীয় সহকারী (প্রশাসন) এ বিষয়ে বাগান ব্যবস্থাপক ও সার্ভেয়ারের সাথে সার্বক্ষনিক যোগাযোগ/সমন্বয় করে রেকর্ড পত্র ও প্রতিবেদন তৈরিতে সহযোগিতা/ সংগ্রহের ব্যবস্থা নিবেন।	১। সকল বাগান ব্যবস্থাপক ২। জনাব মোঃ হাছান আজাদ চৌধুরী, উচ্চ বিভাগীয় সহকারী (প্রশাসন), রাবার বিভাগ, চট্টগ্রাম জোন, চট্টগ্রাম।
১৯	উন্নয়নমূলক কাজ সংক্রান্ত	অত্র জোনের ০৯টি রাবার বাগানে একটি প্রকল্প চলমান রয়েছে। তাই প্রকল্পের অধীন উন্নয়নমূলক কাজ চলমান থাকায় নতুন করে উন্নয়নমূলক (পূর্ত ও মেশিনারীজ) কাজের জন্য মূলধনী বাজেটে বরাদ্দ না রাখার বিষয়ে আলোচনা করা হয়।	চলমান প্রকল্পের সাথে সমন্বয় করে মূলধনী বাজেট বরাদ্দ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল বাগান প্রধান, হিসাব প্রধান ও ব্যবস্থাপক (হিসাব), রাবার বিভাগ, চট্টগ্রাম।

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২০	বাগানের বিবিধ সমস্যা/জনবল পদায়ন ও বদলী	বাগানের বিবিধ সমস্যা/জনবল পদায়ন ও বদলীর বিষয়টি আলোচনা করা হয়। বাগানের কাজের স্বার্থে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা জরুরী বলে সকলে একমত পোষণ করেন।	এ সংক্রান্ত বিষয়ে সকল বাগান প্রধান সমস্যা ও সমাধানের সুপারিশসহ অত্র জোন দপ্তরে আগামী ১৫ দিনের মধ্যে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল বাগান প্রধান
২১	অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ মার্কিং	২০২৬-২৭ অর্থবছরে অত্র জোন দপ্তরের ০৯টি রাবার বাগানে ৫৪,৬৬৪টি অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন/অপসারণের কর্মসূচি রয়েছে। উক্ত কর্মসূচি অনুযায়ী বাস্তবায়ন করা না হলে নতুন/পুনর্বাসন বাগান সৃজন কার্যক্রম ব্যাহত হবে। তাই এ বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণের আলোচনা করা হয়।	আগামী ৩১/০৮/২০২৬ তারিখের মধ্যে অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ মার্কিং করে জোন দপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল বাগান প্রধান
২২	জোন দপ্তর এবং সদর দপ্তরের প্রেরিত চিঠি সংক্রান্ত	জোন দপ্তর এবং সদর দপ্তরের প্রেরিত পত্রের জবাব যথাসময়ে না পাওয়ায় প্রশাসনিক কার্যক্রমে বিঘ্ন ঘটার বিষয়টি আলোচনা করা হয়।	নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরিত চিঠির জবাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল বাগান প্রধান
২৩	বারচার্ট সংক্রান্ত।	জলবায়ু ও ভৌগলিক অবস্থার উপর নির্ভর করে বারচার্ট অনুযায়ী জঙ্গর কর্তন, লাইন ক্লিনিং, সার প্রয়োগ, ফায়ার লাইন ও স্প্রেয়িং কাজ করার বিষয়ে আলোচনা হয়।	বারচার্ট অনুযায়ী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।	সকল বাগান প্রধান
২৪	উন্নতজাতের বাড সংগ্রহ	১। বিএফআরআই হতে দাঁতমারা রাবার বাগানে সৃজিত ১০৫টি গ্রাফটেড চারার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় বাগান প্রধান দাঁতমারা রাবার বাগান জানান যে, উক্ত বাড ব্যাংক হতে পিবি-২০২২ এর বাড নিয়ে ৩৫০টি ও আরআরআই-৬০০(২০২৪) এর বাড নিয়ে গ্রাফটিং করার বিষয়টি আলোচনা করা হয়। ২। শ্রীলংকা হতে ০৫টি ক্লোন বাংলাদেশ রাবার বোর্ড এর মাধ্যমে নিয়ে আসা এবং বিএফআরআই ও দাঁতমারা রাবার বাগানে গ্রাফটিং করার বিষয়টি আলোচনা করা হয়।	১। কতটি চারা গ্রাফটিং করা হয়েছে এবং কতটি চারা মাঠ পর্যায়ে রোপন করা হয়েছে সে বিষয়ে তথ্য প্রদানের জন্য দাঁতমারা রাবার বাগানকে অনুরোধ করা হলো। ২। ক্লোন গ্রাফটিং করার বিষয়ে বিএফআরআই এবং বাংলাদেশ রাবার বোর্ডের সাথে আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক, দাঁতমারা রাবার বাগান, চট্টগ্রাম।

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>২৫</td><td>কস্টিং/রাবার উৎপাদন খরচ।</td><td>সভায় চট্টগ্রাম জোনের জুলাই/২০২৬ মাসের রাবার উৎপাদন খরচের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় চট্টগ্রাম জোনের ০৯টি রাবার বাগানের উৎপাদন খরচ নিম্নরূপ :
<table>
<tr><th rowspan="2">ক্র. নং</th><th rowspan="2">বাগানের নাম</th><th colspan="2">জুলাই/২৬ মাসের উৎপাদন খরচ</th></tr>
<tr><th>আরএসএস</th><th>টিসি</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td></tr>
<tr><td>১.</td><td>রামু</td><td>১৮৯০</td><td>১২০</td></tr>
<tr><td>২.</td><td>রাউজান</td><td>১৬২</td><td>১২০</td></tr>
<tr><td>৩.</td><td>দাঁতমারা</td><td>৩২৩</td><td>১২০</td></tr>
<tr><td>৪.</td><td>ডাবুয়া</td><td>১৯৮</td><td>১২০</td></tr>
<tr><td>৫.</td><td>হলদিয়া</td><td>২৫৭</td><td>১২০</td></tr>
<tr><td>৬.</td><td>কাপ্তাননগর</td><td>২২৯</td><td>১২০</td></tr>
<tr><td>৭.</td><td>রাঙ্গামাটিয়া</td><td>৩৫৬</td><td>১২০</td></tr>
<tr><td>৮.</td><td>তারাখোঁ</td><td>৩০১</td><td>১২০</td></tr>
<tr><td>৯.</td><td>রাউজান-রাঙ্গুনিয়া</td><td>৪২৯</td><td>১২০</td></tr>
<tr><td></td><td>মোট :</td><td>২৯৬</td><td>১২০</td></tr>
</table>
রামু, দাঁতমারা, রাঙ্গামাটিয়া, তারাখোঁ ও রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগানের উৎপাদন খরচ অত্যাধিক হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হলো। বাগান লাভজনক করতে উৎপাদন খরচ কমানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>১। লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ রাবার উৎপাদন হলে স্বাভাবিকভাবে উৎপাদন খরচ কম হবে। উৎপাদন খরচ বেড়ে গেলে বাগান তথা চট্টগ্রাম জোন অলাভজনক পর্যায়ে পড়বে। কাজেই লাভজনক পর্যায়ে বাগান পরিচালনার স্বার্থে শতভাগ উৎপাদন অর্জন করার জন্য চট্টগ্রাম জোনের সকল বাগান ব্যবস্থাপকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২। রাবার উৎপাদন খরচের মাসিক তুলনামুলক বিবরণী সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

৩। চলতি অর্থবছরে জুলাই/২৬ মাসে ০৯টি রাবার বাগানের উৎপাদন খরচ গড়ে ২৯৬/- টাকা (আরএসএস) ও ১২০/- টাকা (টিসি)। এক্ষেত্রে যে সব বাগানে উৎপাদন খরচ ২৯৬/- টাকার অধিক হয়েছে সে সব বাগানকে সতর্কতার সহিত ব্যয় করার ব্যবস্থা করতে হবে। কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ নেই এমন ব্যয় গ্রহণযোগ্য হবে না। এক্ষেত্রে জোন দপ্তরের সাথে আলোচনা করে ব্যয় বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। প্রতিটি বাগানের বাজেট বরাদ্দ, ব্যয় ও উৎপাদন লক্ষ্যমাত্রা একটি নির্দিষ্ট অংক ধরে করা হয়েছে। এক্ষেত্রে কোন বাগানের কস্টিং ব্যয় ২০০/- টাকার অধিক হওয়ার সম্ভাবনা নেই। তাই কস্টিং করার ক্ষেত্রে সংশ্লিষ্টদের এ বিষয়ে সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদানে বাগান প্রধানদের অনুরোধ করা হলো।</td><td>১। সকল বাগান প্রধান

২। হিসাব প্রধান, রাবার বিভাগ, চট্টগ্রাম।

৩। সংশ্লিষ্ট বাগান প্রধান

৪। সকল বাগান প্রধান</td></tr>
<tr><td>২৬</td><td>মরা/বিনষ্ট গাছ/চারা সংক্রান্ত</td><td>প্রতি মাসের সার্ভাইভ্যাল প্রতিবেদনে দেখা যায় যে, বাগান ব্যবস্থাপকগণ কমিটির প্রতিবেদনের মাধ্যমে যে মরা/বিনষ্ট গাছের সংখ্যা উল্লেখ করেন তা সামঞ্জস্যপূর্ণ বলে মনে হয় না। তাই মনিটরিং টিমের সদস্যসহ স্থানীয় কমিটি বাস্তবতার আলোকে সরেজমিনে পরিদর্শন করে জ্বালানী কাঠ গাছ অনুযায়ী ভান্ডার চালান এন্ট্রি করে চালান নং ও তারিখসহ প্রতিবেদনের বিষয়ে আলোচনা হয়।</td><td>১। কমিটির প্রতিবেদন, ভান্ডার চালান, তারিখ ও পরিমাণ ব্যতিত কোন ক্ষয়ক্ষতির প্রতিবেদন গ্রহণ করা হবে না। এছাড়া, এ সংক্রান্ত বিষয়ে সদর দপ্তরের অনুমোদনের জন্য তথ্যাদি প্রেরণ না করা কিংবা দায়িত্ব অবহেলার করার কারণে পরবর্তী কোন গড়মিল বা এসেস্ট সিডিউল হালনাগাদে সমস্যা হলে বাগান প্রধানগণ সুনির্দিষ্টভাবে দায়ী থাকবেন।</td><td>সকল বাগান প্রধান</td></tr>
</table>

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২৭	ওয়েবসাইড সংক্রান্ত	সম্প্রতি বাগানে চালুকৃত ওয়েবসাইডসমূহ আপ টু ডেট/হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়।	ওয়েবসাইডসমূহ আপ টু ডেট/হালনাগাদ রাখতে হবে। কোন সমস্যা হলে জনাব মাসুদ রানা, সহকারী প্রকৌশলী, সদর দপ্তর, ঢাকা ও জনাব মিন্টু দাশ, নি:বি;সহ(প্রশা),জোন দপ্তর,চট্টগ্রাম এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।	সকল বাগান প্রধান
২৮	গৃহ নির্মাণ ঋণ সংক্রান্ত	বিগত জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তে গৃহ নির্মাণ ঋণের আদায়কৃত কিস্তির টাকা এবং এ সংক্রান্ত মুনাফার টাকা "গৃহ নির্মাণ ঋণ" হিসাবের নাম দিয়ে এসটিডি হিসাব খুলে হিসাবজাত করার বিষয়টি সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এ বিষয়ে অগ্রগতি এবং প্রমাণক জোন দপ্তরের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণের বিষয়টি আলোচনা করা হয়। ব্যবস্থাপক (হিসাব), রাবার বিভাগ, চট্টগ্রাম জানান যে, বাগান হতে এ বিষয়ে কোন প্রমাণক অদ্যাবধি প্রেরণ না করায় সদর দপ্তরে প্রেরণের বিষয়টি বিলম্ব হচ্ছে।	গৃহ নির্মাণ ঋণের আদায়কৃত কিস্তির টাকা এবং এ সংক্রান্ত মুনাফার টাকা "গৃহ নির্মাণ ঋণ" হিসাবের নাম দিয়ে এসটিডি হিসাব খুলে আদায়কৃত অর্থ হিসাবজাত করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রমাণক জোন দপ্তরের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন করতে হবে। ২। যে সকল বাগান এ সংক্রান্ত কোন হিসাব খোলেনি তাদেরকে আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।	১। সকল বাগান প্রধান চট্টগ্রাম জোন। ২। হিসাব প্রধান, চট্টগ্রাম জোন।
২৯	অবচয় (Depreciation/ Amortization)	বিগত জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভায় স্থায়ী সম্পদ হতে আদায়কৃত অবচয় বাবদ প্রাপ্ত টাকা এবং এ সংক্রান্ত মুনাফার টাকার বিষয়ে জোন এবং বাগান হালনাগাদ তথ্যাদি আগামী ০৭ (সাত) দিনের মধ্যে উপর্যুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক (অর্থ) বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও প্রমাণক সদর দপ্তরে প্রেরণ না করার বিষয়ে আলোচনা করা হয়। ব্যবস্থাপক (হিসাব), রাবার বিভাগ, চট্টগ্রাম জানান যে, বাগান হতে এ বিষয়ে কোন প্রমাণক অদ্যাবধি প্রেরণ না করায় সদর দপ্তরে প্রেরণের বিষয়টি বিলম্ব হচ্ছে।	স্থায়ী সম্পদ হতে আদায়কৃত অবচয় বাবদ প্রাপ্ত টাকা এবং এ সংক্রান্ত মুনাফার টাকার বিষয়ে জোন এবং বাগান হালনাগাদ তথ্যাদি হিসাবজাত করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রমাণক জোন দপ্তরের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন করতে হবে। ২। যে সকল বাগান এ সংক্রান্ত কোন হিসাব খোলেনি তাদেরকে আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।	১। সকল বাগান প্রধান ২। হিসাব প্রধান, চট্টগ্রাম জোন।

ক্রমিক	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩০	বিভিন্ন আন্তঃ ইউনিট/ বাগান এর মধ্যে আগাম অর্থ পরিশোধ সংক্রান্ত	বিভিন্ন আন্তঃ ইউনিট/বাগান হতে কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের বদলী করা হলে আগাম অর্থ সংক্রান্ত পাওনাদি দেনা-পাওনার প্রতিবেদনের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে। এক্ষেত্রে দেখা যায় যে, যে সব কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক নতুন কর্মস্থলে বদলী হয়েছে সেক্ষেত্রে উক্ত কর্মস্থলে তার কর্তনকৃত সমুদয় অর্থ অর্থবছর শেষে যে কর্মস্থল থেকে আগাম গ্রহণ করেছে উক্ত কর্মস্থলে প্রেরণ করার বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয় অর্থাৎ মূল আগাম অর্থ যে ইউনিট/বাগান হতে গ্রহণ করেছেন কর্তনকৃত অর্থ ঐ ইউনিটে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে আন্তঃ বাগান/ইউনিটের দেনা পাওনার জটিলতা সৃষ্টি হবে না এবং নিরীক্ষা আপত্তি পরিহার করা সম্ভব হবে। ব্যবস্থাপক (হিসাব), রাবার বিভাগ, চট্টগ্রাম জানান যে, বাগান হতে এ বিষয়ে কোন প্রমাণক অদ্যাবধি প্রেরণ না করায় সদর দপ্তরে প্রেরণের বিষয়টি বিলম্ব হচ্ছে।	এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি আগামী ১৫ (পনর) কার্য দিবসের মধ্যে নিম্নোক্ত ছক এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক (অর্থ) বরাবরে প্রেরণের জন্য পুনঃ সিদ্ধান্ত গৃহীত হলো। বাগান/ইউনিটের নাম : ..... ক্র. নং | কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকের নাম ও পদবী | বদলীকৃত ইউনিট/বাগান | গ্রহণকৃত আগাম (টাকা) ২। প্রাপ্ত তথ্যের আলোকে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন করতে হবে।	১। বাগান প্রধান (সকল), চট্টগ্রাম জোন। ২। হিসাব প্রধান, চট্টগ্রাম জোন।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে সম্পন্ন করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৬/২৬

এ.এ.এম শাহজাহান সরকার
মহাব্যবস্থাপক (চ. দা.)

স্মারক নং : বিএফআইডিসি/রাবি/চট্ট/প্রশা-৭৫/২৬/২৩

তারিখ : ২২/০৬/২৬

বিতরন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক, বিএফআইডিসি,দাঁতমারা/তারাখোঁ/কাঞ্চননগর/রাঙ্গামাটিয়া/হলুদিয়া/ ডাবুয়া/ রাউজান/রাউজান-রাঙ্গুনিয়া/ রামু রাবার বাগান, চট্টগ্রাম/কক্সবাজার।
২। সকল শাখা প্রধান, বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম।
৩। জনাব .....
৪। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি দেয়া হলোঃ

১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/(উৎপাদন ও বাণিজ্য)/(অর্থ), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
২। সচিব, বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (রাবার)/(পরিকল্পনা ও উন্নয়ন), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপক (হিসাব)/(নিরীক্ষা), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।
৫। একান্ত সচিবের মাধ্যমে চেয়ারম্যান (মহোদয়ের সদয় অবগতির জন্য), বিএফআইডিসি, সদর দপ্তর, ঢাকা।

২৭/০৬/২৬

এ.এ.এম শাহজাহান সরকার
মহাব্যবস্থাপক (চ. দা.)